

নেপথ্যে লতা, অমিতাভ, শচীন দান উৎসবে शामिल সারা দেশ

আজকালের প্রতিবেদন

প্রায় নিঃশব্দেই পালিত হচ্ছে এই উৎসব। গত দশ বছরে দেশ জুড়ে নীরব বিপ্লবে পরিণত হয়েছে এই ‘দান উৎসব’। মানুষ হিসেবে মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে এর আয়োজন। উদ্যোক্তারা চান, বিপন্ন মানুষের মুখে হাসি ফুটুক। তাঁদের চোখের জল মুছে যাক উৎসবের আবাহনে। প্রতি বছর ২ অক্টোবর থেকে ৮ অক্টোবর পর্যন্ত এ উৎসবের বিস্তার। যার সলতে পাকানো অবশ্য চলতে থাকে সারা বছরই। দুঃস্থ বা বিপন্নদের জন্য শুধু অর্থসাহায্যই নয়, নিজের ব্যক্তিগত সময়ের খানিকটা দিয়েও शामिल হওয়া যায় এই দান উৎসবে। চাইলে প্রবীণ-প্রবীণাদের সঙ্গেও কিছুটা সময় কাটাতে পারেন। তাঁদের না-বলা কথা শুনে তাঁদের হালকা করতে পারেন। কাউকে পড়াশোনার জন্য বইখাতা দিতে পারেন। শিশুদের মুখে হাসি আনতে ওদের

খেলনা দিতে পারেন। এমনকী, স্থানীয় প্রাণী নিবাসে গিয়ে অবলাদের সেবাতেও খানিকটা লাগতে পারেন। দান উৎসবের এমন আয়োজনে সারা দেশে शामिल হয়েছেন বহু স্বেচ্ছাসেবী ও সর্বস্তরের মানুষ। ওড়িশায় বাদামবায় যেমন রিকশাচালকেরা স্থানীয় চিকিৎসা শিবিরে প্রবীণ গ্রামবাসীদের বিনা খরচেই রিকশা করে নিয়ে এসেছেন। চেন্নাইয়ের সবজিওয়ালারা স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থার জন্য তুলে দিয়েছেন সবজির ব্যাগ। মুম্বইয়ের দৃষ্টিহীন ছেলেরা শ্রম দিয়ে রং করে দিয়েছে মুম্বই সেন্ট্রাল স্টেশন। এভাবে যে-কোনও মানুষকেই দান উৎসবে शामिल হওয়ার আহ্বান জানিয়েছেন দান উৎসবের নেপথ্যে-থাকা কারিগরেরা। যাঁদের মধ্যে রয়েছেন অমিতাভ বচ্চন, লতা মঙ্গেশকর, শচীন তেডুলকার, আজিম প্রেমজি, দেবী শেঠি, মেরি কম, আলিয়া ভাটের মতো তারকারা। তাঁদের প্রত্যাশা, দশম বছরেও সার্থক হবে দান উৎসবের দেশজোড়া আয়োজন।